গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

**"আমিষেই শক্তি, আমিষেই মুক্তি"**

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.০০০.১১২.২৩.০৪১২.১৮.৫০৪

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫' উপলক্ষ্যে প্রাণিসম্পদ পদক প্রদানের জন্য মনোনয়ন প্রস্তাব আহবান সংক্রান্ত।**

সূত্র: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ০৯/১০/২০২৫ তারিখের নং-৩৩.০০.০০০০.০০০.১১৮.২৩.০০৩৬.২৫.৫২৪ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে প্রাণিসম্পদ খাতের গুরুত্ব তুলে ধরা, খাত সংশ্লিষ্ট অংশীজনদের সম্পৃক্ত করা এবং প্রাণিসম্পদ উন্নয়ণে জনগণের অংশগ্রহণ বৃদ্ধি করার লক্ষ্যে ২০২৫ সালে নভেম্বর মাসের তৃতীয় সপ্তাহে "জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫" উদযাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রাণিসম্পদ সেক্টরের বিভিন্ন ক্ষেত্রে গৌরবময় ও উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ জাতীয় প্রাণিসম্পদ পদক নীতিমালা অনুসরণপূর্বক পাঁচটি ক্যাটাগরিতে পদক প্রদান করা হবে।

এমতাবস্থায়, 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫' উপলক্ষ্যে প্রাণিসম্পদ পদক প্রদানের জন্য মনোনয়ন প্রস্তাব সুপারিশসহ (ইমেইল: ddfarm.dls@gmail.com) আগামী ৩০/১০/২০২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**সংযুক্তিঃ**
১. জাতীয় প্রাণিসম্পদ পদক নীতিমালা;
২. "জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫" উপলক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত প্রাণিসম্পদ পদকের ক্ষেত্রসমূহ।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) জাতীয় প্রাণিসম্পদ পদক নীতিমালা
(২) জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫ উপলক্ষে প্রস্তাব অনুমোদনের ছায়ালিপি

১৪-১০-২০২৫
ড. মোঃ আবু সুফিয়ান
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর (সকল)।
২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা প্রাণিসম্পদ দপ্তর (সকল)।

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.০০০.১১২.২৩.০৪১২.১৮.৫০৪/১(১)

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪-১০-২০২৫
ড. মোঃ আবু সুফিয়ান
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# জাতীয় প্রাণিসম্পদ পদক নীতিমালা

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# জাতীয় প্রাণিসম্পদ পদক নীতিমালা

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

# জাতীয় প্রাণিসম্পদ পদক নীতিমালা

বাংলাদেশের আর্থসামাজিক অবস্থার প্রেক্ষাপটে প্রাণিসম্পদ এর গুরুত্ব ও প্রয়োজনীয়তা অপরিসীম। প্রাণিজ আমিষের চাহিদা পূরণ, কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য বিমোচন ও বৈদেশিক মুদ্রা অর্জনে প্রাণিসম্পদ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলছে। স্বল্প বিনিয়োগে এবং তুলনামূলক স্বল্প জমিতে গবাদিপশু ও হাঁস-মুরগি প্রতিপালন করা যায় বিধায় প্রাণিসম্পদ শিল্প দ্রুত বিকশিত হচ্ছে। প্রাণিসম্পদ সেক্টরে নিয়োজিত বিভিন্ন সংস্থা, সংগঠন, গবেষণা/শিক্ষা প্রতিষ্ঠান, প্রযুক্তি উদ্ভাবক, সম্প্রসারণ প্রতিষ্ঠান, উদ্যোক্তা, খামারী, প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী ও ব্যক্তি বিশেষের অবদানের স্বীকৃতি এবং সৃজনশীল কার্যক্রম উৎসাহিত করার মাধ্যমে কর্মস্পৃহা বৃদ্ধি ও সরকারের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনকে অধিকতর গতিশীল করার লক্ষ্যে জাতীয় প্রাণিসম্পদ পদক নীতিমালা প্রণয়ন করা হলো।

১। **পদকের নাম:**

এ পদক **"জাতীয় প্রাণিসম্পদ পদক"** (National Livestock Award) নামে অভিহিত হবে।

২। **পদক প্রদানের উদ্দেশ্যসমূহ:**

ক) প্রাণিসম্পদ সংশ্লিষ্ট খামার স্থাপন ও ব্যবস্থাপনায় অংশীজনের সম্পৃক্ততা বৃদ্ধি করে প্রাণিজ আমিষের উৎপাদন বৃদ্ধিতে উৎসাহ প্রদান।

খ) প্রাণিসম্পদের উৎপাদন বৃদ্ধি ও সুবিধাভোগীদের চাহিদার ভিত্তিতে সৃজনশীলতা ও উত্তম সেবা প্রদানকে উৎসাহিতকরণ।

গ) প্রাণিসম্পদ উৎপাদন ব্যবস্থাপনায় উত্তম অনুশীলন চর্চা ও নিরাপদ দুধ, ডিম ও মাংস প্রাপ্তির নিশ্চয়তা বিধান।

ঘ) অভ্যন্তরীণ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে দেশকে দুধ, ডিম ও মাংসে স্বয়ংসম্পূর্ণ করতে উৎসাহিত করা।

ঙ) গুণগত ও মানসম্পন্ন নিরাপদ প্রাণিজাত পণ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও রপ্তানি বৃদ্ধিতে উৎসাহ প্রদান।

৩। **পদক প্রদানের ক্ষেত্রসমূহ:**

ক) গবাদি পশুর খামার (গরু, মহিষ, ছাগল, ভেড়া ও অন্যান্য)।

খ) পোল্ট্রি খামার (হাঁস, মুরগি, কবুতর, টার্কি, কোয়েল ও অন্যান্য)।

গ) প্রাণি ও প্রাণিজাত পণ্য উৎপাদন (মাংস, দুধ ও ডিম) প্রক্রিয়াজাতকরণ, বাজারজাতকরণ ও রপ্তানি।

ঘ) প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ (খাদ্য, টিকা, ঔষধ, একদিন বয়সি হাঁস-মুরগির বাচ্চা এবং অন্যান্য) তৈরি, প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ কারখানা/শিল্প।

ঙ) প্রাণিসম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা সংক্রান্ত প্রযুক্তি উদ্ভাবন (গবেষক/গবেষণা প্রতিষ্ঠান/শিক্ষা প্রতিষ্ঠান/সম্প্রসারণ প্রযুক্তি)।

চ) প্রাণিসম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনায় ব্যক্তি/ প্রতিষ্ঠান/ এসোসিয়েশন/ সমবায়সমিতি/ গণমাধ্যম/ এনজিও/ প্রাণিসম্পদ সংক্রান্ত সমাজভিত্তিক সংগঠনের অবদান/সমগ্র কর্মজীবনের অবদান।

ছ) আত্মকর্মসংস্থান ও প্রাণিসম্পদ উন্নয়নে নারীর অবদান।

জ) পোল্ট্রি ও গবাদিপশুর প্রযুক্তি হস্তান্তর, প্রাণিস্বাস্থ্য সেবা এবং সম্প্রসারণে প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের অবদান।

ঝ) **প্রান্তিক চাষী ও অনগ্রসর খামারীদের প্রাণিসম্পদ উন্নয়নে অবদান।**

৪। **পদকের ধরণ ও সংখ্যা:**

প্রাণিসম্পদ উন্নয়নে অবদানের জন্য জাতীয় পর্যায়ে মোট ০৯টি ক্ষেত্রে **০৯টি** স্বর্ণ পদক ও **১৮টি** রৌপ্য পদক প্রদান করা হবে।

(১) **পদকের শ্রেণি বিন্যাস ও আঙ্গিক পরিকল্পনা**

| **প্রশাসনিক মন্ত্রণালয়** | **পদকের নাম** | **পদক ও সনদ পত্রের বিবরণ** |
|---|---|---|
| মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | **জাতীয় প্রাণিসম্পদ পদক** | ক) **১৮** ক্যারেট মানের **১৫** গ্রাম ওজনের স্বর্ণপদক (সামঞ্জস্যপূর্ণ ফোল্ডিং বক্সে), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব ও প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালকের যৌথ স্বাক্ষরে একটি সম্মাননা সনদ এবং নগদ ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার ) টাকা।<br>(খ) ৫০ গ্রাম ওজনের রৌপ্যপদক (সামঞ্জস্যপূর্ণ ফোল্ডিং বক্সে), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালকের যৌথ স্বাক্ষরে একটি সম্মাননা সনদ এবং নগদ ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা। |

৫। **পদক প্রদানের জন্য বিভিন্ন ক্ষেত্রের নির্ণায়ক মানদণ্ড:**

**''জাতীয় প্রাণিসম্পদ পদক''** প্রদানের বিষয়ে প্রার্থী বাছাই ও নির্বাচনের প্রতি ক্ষেত্রের জন্য নিম্নবর্ণিত নির্ণায়ক মানদণ্ড অনুসরণ করা হবে।

**ক্ষেত্র: গবাদি পশুর খামার (গরু, মহিষ, ছাগল, ভেড়া ও অন্যান্য)**

ক) নিবন্ধিত খামারের আয়তন;

খ) গবাদি পশুর সংখ্যা;

গ) বিনিয়োগের পরিমাণ ও উৎস;

ঘ) নির্ধারিত বৎসরের খামারের সর্বমোট ব্যয়, আয় ও নীট লাভ;

ঙ) খামারে সার্বক্ষণিক ও খণ্ডকালীন জনবল এবং কর্মসংস্থান সৃষ্টিতে অবদান (কর্মদিবস/বৎসর);

চ) পরিবেশ সহায়ক উত্তম ব্যবস্থাপনা অনুশীলন, খাদ্যের ব্রান্ড ও খাদ্য উপাদান-সমূহ উল্লেখপূর্বক খাদ্যের মধ্যে এন্টিবায়োটিক বা ক্ষতিকর কোন দ্রব্য ব্যবহার করা হয় নাই এই মর্মে প্রত্যয়ন দিতে হবে (কোনো রাসায়নিক দ্রব্য ব্যবহার করা হলে তার নাম ও ব্যবহার মাত্রা উল্লেখ করতে হবে);

ছ) খামারের রেকর্ড সংরক্ষণ ব্যবস্থা;

জ) গবাদি পশুর উপজাত ব্যবহারের বিবরণ;

ঝ) গবাদি পশুর খামার সংশ্লিষ্ট অর্জিত বিশেষ কোন সাফল্য;

**ক্ষেত্র: পোল্ট্রি খামার (হাঁস, মুরগি, কবুতর, টার্কি, কোয়েল ও অন্যান্য)**

ক) নিবন্ধিত খামারের আয়তন ও পাখির সংখ্যা;

খ) বিনিয়োগের পরিমাণ ও উৎস;

গ) নির্ধারিত বছরে প্রজাতি ওয়ারী মোট উৎপাদন ও বিপণন (কেজি) এবং রেজিস্টারে সামগ্রিক তথ্যাদি সংরক্ষণ;

ঘ) নির্ধারিত বছরে মোট উৎপাদন ব্যয় (পরিচালনা ব্যয়সহ)/মোট আয়/নীট লাভ;

ঙ) সার্বক্ষণিক, খণ্ডকালীন জনবল, প্রাণিসম্পদ বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত জনবল এবং প্রাণিসম্পদ বিষয়ে ডিগ্রিপ্রাপ্ত জনবল;

চ) কর্মসংস্থান সৃষ্টিতে অবদান (কর্ম দিবস/বৎসর), সম্প্রসারণ কর্মকাণ্ড;

ছ) পোল্ট্রি উপজাত ব্যবহারের বিবরণ;

জ) হ্যাচারির ক্ষেত্রে বাৎসরিক বাচ্চা উৎপাদনের সংখ্যা এবং বাচ্চার একক বিক্রয় মূল্য (গড়, সর্বোচ্চ, সর্বনিম্ন);

ঝ) পোল্ট্রি খামার সংশ্লিষ্ট অর্জিত বিশেষ কোন সাফল্য;

**ক্ষেত্র: প্রাণি ও প্রাণিজাত পণ্য (মাংস, দুধ ও ডিম) উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ**

ক) প্রাণিজাত পণ্য উৎপাদন/ প্রক্রিয়াজাতকরণ/ মানোন্নয়ন/ বাজারজাতকরণ প্রতিষ্ঠানের উৎপাদন ক্ষমতা (মেঃ টন);

খ) বিনিয়োগকৃত মূলধনের পরিমাণ ও উৎস;

গ) নির্ধারিত বছরে প্রাণিজাত পণ্যের গড় বার্ষিক উৎপাদন/ প্রক্রিয়াজাতকরণ/ মানোন্নয়ন/বাজারজাতকরণের পরিমাণ (মেঃ টন);

ঘ) প্রতিষ্ঠানের বার্ষিক বিনিয়োগ, ব্যয়, আয় ও নীট লাভ;

ঙ) অর্থনৈতিক উন্নয়নে অবদান;

চ) প্রতিষ্ঠানের সার্বক্ষণিক ও খন্ডকালীন জনবল;

ছ) কর্মসংস্থান সৃষ্টিতে অবদান;

জ) বাজারজাতকরণের ক্ষেত্রে মানসম্মত আপত্তিহীন সর্বোচ্চ পরিমাণ বাজারজাতকরণ ও সর্বোচ্চ আর্থিক মুনাফা অর্জন-পুরস্কার প্রদানের ক্ষেত্রে মানদন্ড হিসেবে বিবেচিত হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/সংস্থা কর্তৃক ''মানসম্মত পণ্য'' সম্পর্কে সনদপত্র/প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। মাননিয়ন্ত্রণ দপ্তর বা বাজারজাতকরণের ক্ষেত্রে কোনো লটের জন্য অভিযোগ বা মামলা থাকলে ঐ প্রতিষ্ঠানকে প্রাণিসম্পদ পদকের জন্য বিবেচনা করা হবে না;

ঝ) হ্যাসাপ (HACCP) পদ্ধতি অনুসরণ করে পণ্য প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ করতে হবে। ইইউ (EU) এবং ইউএস (US) নির্দেশনাবলি বাস্তবায়ন মূল্যায়ন করতে হবে। স্যানিটেশন, বায়োসেফটি ইত্যাদি বিষয়াদি নির্দেশাবলি মোতাবেক সরেজমিনে পরিদর্শন ও মনোনয়ন দানকারী কর্তৃক মূল্যায়ন করতে হবে;

ঞ) ব্যবহৃত উপকরণের মান ও সংগ্রহের উৎসস্থল এর তথ্য সংরক্ষণ করতে হবে;

ট) জাতীয় ও আন্তর্জাতিক বিধি বিধান/নিয়মাবলি আবেদনকারী অবগত কিনা তা মূল্যায়ন করতে হবে;

**ক্ষেত্র: প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ (খাদ্য, টিকা, ঔষধ, হাঁস-মুরগির একদিন বয়সের বাচ্চা এবং অন্যান্য) উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ কারখানা/ শিল্প**

ক) প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ প্রক্রিয়াজাতকরণ কারখানা/ শিল্পের উৎপাদন ক্ষমতা (মেঃ টন);

খ) বিনিয়োগকৃত মূলধনের পরিমাণ ও উৎস;

গ) নির্ধারিত বছরে প্রক্রিয়াজাতকৃত উৎপাদন উপকরণের গড় বার্ষিক উৎপাদন (মেঃটন);

ঘ) প্রতিষ্ঠানের বার্ষিক বিনিয়োগ, ব্যয়, আয় ও নীট লাভ;

ঙ) অর্থনৈতিক উন্নয়নে অবদান;

চ) প্রতিষ্ঠানের সার্বক্ষণিক ও খন্ডকালীন জনবল;

ছ) কর্মসংস্থান সৃষ্টিতে অবদান;

জ) বাজারজাতকরণের ক্ষেত্রে মানসম্মত আপত্তিহীন সর্বোচ্চ পরিমাণ বাজারজাতকরণ ও সর্বোচ্চ আর্থিক মুনাফা অর্জন পুরস্কার প্রদানের মানদন্ড হিসেবে বিবেচিত হবে।

ঝ) হ্যাসাপ (HACCP) পদ্ধতি অনুসরণ করে পণ্য প্রক্রিয়াজাতকরণ ও রপ্তানি করতে হবে। ইইউ (EU) এবং ইউএস (US) নির্দেশনাবলি বাস্তবায়ন মূল্যায়ন করতে হবে। স্যানিটেশন, বায়োসেফটি ইত্যাদি বিষয়াদি নির্দেশাবলি মোতাবেক সরেজমিনে পরিদর্শন ও মনোনয়ন দানকারী কর্তৃক মূল্যায়ন করতে হবে;

ঞ) ব্যবহৃত উপকরণের মান ও সংগ্রহের উৎসস্থল এর তথ্য সংরক্ষণ করতে হবে;

ট) জাতীয় ও আন্তর্জাতিক বিধি বিধান/নিয়মাবলি আবেদনকারী অবগত কিনা তা মূল্যায়ন করতে হবে;

**ক্ষেত্রঃ প্রাণিসম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা সংক্রান্ত প্রযুক্তি উদ্ভাবন (গবেষক, গবেষণা প্রতিষ্ঠান/শিক্ষা প্রতিষ্ঠান/সম্প্রসারণ প্রযুক্তি)**

ক) স্থানীয়/আন্তর্জাতিক বৈজ্ঞানিক সাময়িকীতে উদ্ভাবিত প্রযুক্তি সম্পর্কে বৈজ্ঞানিক প্রবন্ধ প্রকাশনা ন্যূনতম মানদন্ড হিসেবে বিবেচনা করা হবে;

খ) ইতোপূর্বে উদ্ভাবিত প্রযুক্তি অধিকতর উৎপাদন ও লাভজনকভাবে অনুসরণের জন্য প্রযুক্তির উন্নয়ন ও বিকাশ সাধনে অবদান;

গ) পরিবেশের ওপর উদ্ভাবিত প্রযুক্তি অনুসরণের ইতিবাচক প্রস্তাব;

ঘ) প্রযুক্তি সম্পর্কে অর্থনৈতিক বিশ্লেষণ;

ঙ) কর্মসংস্থান সৃষ্টিতে প্রযুক্তির ব্যবহার ও অবদান;

চ) প্রাণিসম্পদের উন্নয়নে নতুন আবিষ্কার;

**ক্ষেত্র: প্রাণিসম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনায় ব্যক্তি/প্রতিষ্ঠান/সমবায় সমিতি/গণমাধ্যম/এনজিও/এসোসিয়েশন/প্রাণিসম্পদ সংক্রান্ত সমাজভিত্তিক সংগঠনের অবদান/সমগ্র কর্মজীবনের অবদান**

ক) অর্জিত সাফল্যের নাম;

খ) অর্জিত সাফল্যের বিবরণ;

গ) অর্জিত সাফল্য প্রাণিসম্পদ উন্নয়নে যে অবদান রেখেছে তার বিবরণ (তথ্য ও পরিসংখ্যানগত বিবরণসহ);

ঘ) অর্জিত সাফল্যের দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ে স্বীকৃতি;

**ক্ষেত্র: আত্মকর্মসংস্থান ও প্রাণিসম্পদ উন্নয়নে নারীর অবদান**

ক) সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে কর্মরত নারীদল/সমিতি অথবা কোন নারী খামারী কর্তৃক গবাদিপশু ও হাঁস-মুরগির খামার স্থাপন ও কর্মসংস্থান সৃষ্টিতে স্থানীয় ও জাতীয় পর্যায়ে অর্জিত সাফল্য;

খ) অর্জিত সাফল্যের বিবরণ;

গ) অর্জিত সাফল্যে প্রাণিসম্পদ উন্নয়নে যে অবদান রেখেছে তার বিবরণ;

**ক্ষেত্র: পোল্ট্রি ও গবাদিপশুর জাত উন্নয়ন, সংরক্ষণ, সম্প্রসারণ ও মাঠ পর্যায়ে প্রাণিস্বাস্থ্য সেবা প্রদানে প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের অবদান**

ক) প্রাণিসম্পদ সংরক্ষণ ও ব্যবস্থাপনায় আইন বাস্তবায়ন ও ঝুঁকিপূর্ণ কাজে বিশেষ অবদান;

খ) প্রাণিসম্পদখাত সংশ্লিষ্ট জনগোষ্ঠীর জীবন মান উন্নয়নে বিশেষ অবদান;

গ) প্রাণিসম্পদ প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে উৎকর্ষ সাধন;

ঘ) প্রাণিসম্পদ বিষয়ক শিক্ষা সম্প্রসারণে উল্লেখযোগ্য অবদান;

ঙ) প্রাণিসম্পদ উন্নয়নে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীবৃন্দের সততা, সুনাম ও শৃঙ্খলা;

চ) প্রাণিসম্পদ বিষয়ক ইনোভেশন, প্রচার ও প্রকাশনা;

ছ) শুদ্ধাচার ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নে অবদান;

**ক্ষেত্র: প্রাণিসম্পদ উন্নয়নে প্রান্তিক খামারী ও অনগ্রসর জনগোষ্ঠীর অবদান**

ক) খামারের আয়তন ;

খ) গবাদি পশু ও পাখির সংখ্যা;

গ) বিনিয়োগের পরিমাণ;

ঘ) জনবল ও কর্মসংস্থান (পুরুষ ও মহিলা);

ঙ) খামারের বাৎসরিক আয়-ব্যয়;

চ) খামার পরিচালনা ও স্বাস্থ্যসম্মত ব্যবস্থাপনা;

ছ) খামারে অর্জিত সাফল্য;

৬। **পদকের জন্য মনোনয়ন পাওয়ার যোগ্যতা ও পদ্ধতি:**

ক) বাংলাদেশের যে কোন এলাকায়, প্রাণিসম্পদ উন্নয়নে কোন নব প্রযুক্তির উদ্ভাবনকারী ব্যক্তি/প্রতিষ্ঠান বা উল্লেখযোগ্য সফলতা অর্জনকারী ব্যক্তি/ গোষ্ঠি/সংস্থা বা সংশ্লিষ্ট ক্ষেত্রে আলোড়ন সৃষ্টিকারী কোন ব্যক্তি/খামারী /সংস্থা/প্রতিষ্ঠানের অর্জনকে উৎসাহ দেয়ার জন্য এই পদক প্রদান করা হবে।

খ) মনোনয়নের প্রাথমিক প্রস্তাবনা নিয়ন্ত্রণকারী দপ্তর প্রধানের মাধ্যমে প্রেরণ করতে হবে।

গ) মনোনয়নের সাথে জনসেবার মান উন্নয়নের জন্য অনুসৃত সৃষ্টিশীল পদ্ধতি, সময় এবং কি পরিস্থিতিতে কার্যক্রমটি সম্পাদিত হয়েছিল তা উল্লেখ থাকতে হবে। এ ক্ষেত্রে কর্মসম্পাদনে সংশ্লিষ্ট ব্যক্তির সংশ্লিষ্টতার সুনির্দিষ্ট বিবরণ থাকতে হবে।

ঘ) মনোনয়নের ক্ষেত্রে কার্যক্রমটি/প্রকল্পটি/কর্মসূচির পটভূমি, উদ্দেশ্য ও অগ্রাধিকার, বাস্তবায়নের জন্য গৃহীত কৌশল, ব্যবহৃত উদ্ভাবনীমূলক পদ্ধতি, বাস্তবায়নকাল, অসাধারণ অর্জন ও ফলাফল, ইতিবাচক পরিবর্তন ও প্রভাব, টেকসই এবং সর্বোপরি এ প্রক্রিয়ায় মনোনীত ব্যক্তির ভূমিকা এবং সংশ্লিষ্টতা সম্পর্কিত প্রমাণাদি থাকতে হবে।

ঙ) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কোন একটি ক্ষেত্রে একবার জাতীয় প্রাণিসম্পদ পদক প্রাপ্ত হলে পরবর্তী ৫ (পাঁচ) বৎসর ঐ নির্দিষ্ট ক্ষেত্রে পদকের জন্য পুনরায় আবেদন করতে পারবেন না তবে, অন্যান্য ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের জন্য আবেদন করতে পারবেন।

চ) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে উৎপাদনকৃত ও বাজারজাতকৃত পণ্যের মান সম্পর্কে অভিযোগ প্রমাণিত হলে তিনি মনোনয়নের জন্য বিবেচিত হবেন না।

ছ) প্রাণিসম্পদ অধিদপ্তরের রেজিস্ট্রেশন ব্যতীত খামার/হ্যাচারী/ফিডমিলের কোন আবেদন পদকের জন্য বিবেচিত হবে না।

জ) অনুরূপভাবে ভবিষ্যতে পদকের জন্য চিহ্নিত ক্ষেত্রসমূহের মানদণ্ডের নির্ণায়ক নিরূপণ করা হবে।

ঝ) উপজেলা/জেলা কমিটি প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যাদির যথার্থতা পরীক্ষা করবে।

ঞ) সকল মনোনয়ন প্রেরণের ক্ষেত্রে অবশ্যই নির্ধারিত ছক ব্যবহার করতে হবে (পরিশিষ্ট-ক)।

ট) জাতীয় প্রাণিসম্পদ পদকের ক্ষেত্রে কোন স্বীকৃত স্বাধীনতা বিরোধী/ সাজাপ্রাপ্ত ব্যক্তি পদকের জন্য আবেদন করতে পারবেন না।

## ৭। পদকের জন্য প্রার্থী মনোনয়ন কমিটি

উপজেলা ও জেলা কমিটি এবং কারিগরি/বাছাই কমিটি পদকের জন্য প্রার্থী মনোনয়ন করবে।

ক) **উপজেলা কমিটি** (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

| | | |
|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২। | উপজেলা কৃষি কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৩। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর | সদস্য |
| ৪। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সমাজ সেবা অধিদপ্তর | সদস্য |
| ৫। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৬। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ৭। | উপজেলা সমবায় উন্নয়ন কর্মকর্তা, সমবায় অধিদপ্তর | সদস্য |
| ৮। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ৯। | উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত পোল্ট্রি ইন্ডাস্ট্রি থেকে একজন প্রতিনিধি | সদস্য |
| ১০। | উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত ডেইরী ইন্ডাস্ট্রি থেকে একজন প্রতিনিধি | সদস্য |
| ১১। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর | সদস্য-সচিব |

খ) **জেলা কমিটি:** (জ্যেষ্ঠতারভিত্তিতে নয়)

| | | |
|---|---|---|
| ১। | জেলা প্রশাসক | সভাপতি |
| ২। | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৩। | জেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর | সদস্য |
| ৪। | উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র | সদস্য |
| ৫। | উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৬। | উপপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর | সদস্য |
| ৭। | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ৮। | জেলা সমবায় কর্মকর্তা, সমবায় অধিদপ্তর | সদস্য |
| ৯। | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ১০। | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত পোল্ট্রি ইন্ডাস্ট্রি'র একজন প্রতিনিধি | সদস্য |
| ১১। | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ডেইরী ইন্ডাস্ট্রি'র একজন প্রতিনিধি | সদস্য |
| ১২। | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর | সদস্য-সচিব |

গ) **জেলা কমিটি:** পার্বত্য জেলাসমূহের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

| | | |
|---|---|---|
| ১। | চেয়ারম্যান, পাবর্ত্য জেলা পরিষদ | সভাপতি |
| ২। | জেলা প্রশাসকের প্রতিনিধি | সদস্য |
| ৩। | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৪। | জেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর | সদস্য |
| ৫। | উপপরিচালক, সংশ্লিষ্ট পার্বত্য জেলা | সদস্য |
| ৬। | উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৭। | উপপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর | সদস্য |
| ৮। | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ৯। | জেলা সমবায় কর্মকর্তা, সমবায় অধিদপ্তর | সদস্য |
| ১০। | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ১১। | চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ কর্তৃক মনোনীত একজন পোল্ট্রি খামারী | সদস্য |
| ১২। | চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ কর্তৃক মনোনীত একজন ডেইরী খামারী | সদস্য |
| ১৩। | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর | সদস্য-সচিব |

### ঘ) কারিগরি কমিটি/বাছাই কমিটি: (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

| | | |
|---|---|---|
| ১। | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা | সভাপতি |
| ২। | ডীন, পশুপালন অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | সদস্য |
| ৩। | ডীন, এ্যানিমেল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ৪। | সদস্য পরিচালক (প্রাণিসম্পদ), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ঢাকা | সদস্য |
| ৫। | মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর প্রতিনিধি | সদস্য |
| ৬। | মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর এর প্রতিনিধি | সদস্য |
| ৭। | মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, ঢাকা | সদস্য |
| ৮। | পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর | সদস্য |
| ৯। | পরিচালক (উৎপাদন), প্রাণিসম্পদ অধিদপ্তর | সদস্য |
| ১০। | পরিচালক, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, ঢাকা | সদস্য |
| ১১। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ১২। | বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাষ্ট্রিজ কেন্দ্রীয় কাউন্সিল এর একজন প্রতিনিধি | সদস্য |
| ১৩। | বাংলাদেশ ডেইরী ফার্মারস্ এসোসিয়েশনের একজন প্রতিনিধি | সদস্য |
| ১৪। | পরিচালক (প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর | সদস্য-সচিব |

### ঙ) জাতীয় কমিটি:

| | | |
|---|---|---|
| ১। | মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সভাপতি |
| ২। | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ৩। | অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ৪। | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর | সদস্য |
| ৫। | মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট | সদস্য |
| ৬। | যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য |
| ৭। | যুগ্মসচিব, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৮। | যুগ্মসচিব (কৃষি), কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ৯। | যুগ্মসচিব (প্রাণিসম্পদ), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য-সচিব |

৮। **পদকের জন্য মনোনয়ন প্রস্তাব দাখিলের সময় সীমা:**

| | | |
|---|---|---|
| ১। | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক দৈনিক জাতীয় পত্রিকা ও ওয়েব সাইট-এ বিজ্ঞপ্তি প্রচার | **১ জানুয়ারি** |
| ২। | উপজেলা কমিটির নিকট দরখাস্ত জমা | **৩০ জানুয়ারির মধ্যে** |
| ৩। | উপজেলা কমিটি কর্তৃক জেলা কমিটির নিকট প্রস্তাব প্রেরণ | **১৫ ফেব্রুয়ারির মধ্যে** |
| ৪। | জেলা কমিটি কর্তৃক কারিগরি কমিটি/বাছাই কমিটির নিকট প্রস্তাব প্রেরণ | **১৫ মার্চের মধ্যে** |
| ৫। | জাতীয় কমিটির নিকট উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ | **১৫ এপ্রিলের মধ্যে** |
| ৬। | জাতীয় কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ | **১৫ জুনের মধ্যে** |

৯। **উপজেলা/জেলা/কারিগরি/বাছাই কমিটির সিদ্ধান্ত পুনর্বিবেচনা:**

(১) প্রাণিসম্পদ উন্নয়নে উপজেলা/জেলা/জাতীয় পর্যায়ে পুরস্কার প্রাপ্ত কোন ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত তথ্য/প্রমাণাদি অসত্য প্রমাণিত হলে জাতীয় কমিটি যথাযথ অনুসন্ধানের পর পদক ও প্রশংসাপত্র প্রত্যাহার করাসহ উক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

(২) কারিগরি কমিটি প্রয়োজনে পুরস্কার প্রদানের নীতিমালা পুনর্মূল্যায়ন, সংশোধন, সংযোজন এবং বিয়োজনের জন্য পরামর্শ প্রদান করতে পারবে।

(৩) কারিগরি কমিটি প্রাপ্ত প্রস্তাবসমূহ পর্যালোচনা করে প্রাথমিকভাবে প্রার্থী তালিকা প্রস্তুত করবেন। প্রাথমিকভাবে মনোনীত প্রার্থীদের তথ্যাদি যাচাইয়ের নিমিত্ত প্রয়োজনে কারিগরি কমিটি এ বিষয়ে কর্মকর্তা মনোনীত করে সরেজমিনে পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন। প্রাপ্ত তথ্যাদি বিশ্লেষণ ও যাচাইয়ের পর প্রার্থীদের প্রস্তাব জাতীয় কমিটিতে প্রেরণের জন্য ব্যবস্থা গ্রহণ করবেন।

১০। **জাতীয় প্রাণিসম্পদ পদকের প্রকৃতি ও নকশার বিবরণ:**

পদকের সম্মুখভাগের ওপর পদকের নাম, মধ্যাংশে জাতীয় প্রতীক এবং নীচে বাংলাদেশ লেখা থাকবে। পিছনের অংশের ওপর প্রাপকের নাম ও ক্ষেত্র, মধ্যাংশে প্রাণিসম্পদ অধিদপ্তরের মনোগ্রাম, মধ্যাংশের বামে খ্রিষ্টাব্দ ও ডানে বঙ্গাব্দ এবং নীচের অংশে প্রাণিসম্পদ অধিদপ্তর এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নাম লেখা থাকবে।

**১১। মনোনয়ন দাখিল:**

ক) নির্ধারিত ফরমে নির্ধারিত তারিখের মধ্যে মনোনয়নসমূহ উপজেলা কমিটির দুইজন সদস্য সরেজমিনে তদন্তসহ যাচাই-বাছাইপূর্বক জেলা কমিটির মাধ্যমে কারিগরি/বাছাই কমিটিতে প্রেরণ করবেন;

খ) মনোনীত ব্যক্তির দুই কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি জমা দিতে হবে;

গ) টাইপ করে ফর্ম পূরণ করতে হবে এবং প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে।

**১২। মনোনয়ন ফরম প্রাপ্তি স্থান:**

পুরস্কারের বিজ্ঞপ্তি জাতীয় পত্রিকায় এবং প্রাণিসম্পদ বিষয়ক সংশ্লিষ্ট দপ্তরসমূহের নোটিশ বোর্ডে ওয়েব সাইটে প্রচার করা হবে।

**নিম্নোক্ত দপ্তরসমূহ হতে মনোনয়ন ফর্ম সংগ্রহ করা যাবে:**

ক) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;

খ) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়;

গ) প্রাণিসম্পদ বিষয়ক সরকারি ও আধা-সরকারি সংস্থার সদর দপ্তর;

ঘ) ওয়েবসাইট: www.dls.gov.bd

(পরিশিষ্ট-ক)

ছবি

**'জাতীয় প্রাণিসম্পদ পদক'**এর মনোনয়ন ফরম

**(টাইপ করে ফরম পূরণ করতে হবে।
প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে।
ফরমের প্রয়োজনীয় অংশটুকু পূরণ করলেই চলবে)।**

১। **পদকের ক্ষেত্র:**

২। **মনোনীত ব্যক্তির তথ্যাবলি:**

**(ক) খামারী (গবাদি পশু ও হাঁস-মুরগির ক্ষুদ্র/বাণিজ্যিক/অনগ্রসর জনগোষ্ঠির খামারী বুঝাবে)**

১। মনোনীত ব্যক্তির নাম: ________________

২। পিতা/স্বামীর নাম: ________________

৩। মাতার নাম: ________________

৪। ঠিকানা: গ্রাম: উপজেলা:
ডাকঘর: জেলা:

৫। বয়স: ________________

৬। পেশা: ________________

৭। খামারের নাম ও ঠিকানা: ________________

৮। খামারের প্রকৃতি:
**নিজমালিকানা/লিমিটেড:** ________________

৯। উদ্বুদ্ধকৃত খামারীদের বিবরণ: ________________

**(খ) প্রাণিজাত পণ্য উৎপাদন উপকরণ/প্রাণিজাত পণ্য উৎপাদন/প্রক্রিয়াজাতকরণ/সংরক্ষণ/বাজারজাতকরণ/পণ্যভিত্তিক শিল্প/কারখানা/প্রতিষ্ঠান কাজে কর্মরত ব্যক্তি:**

১। মনোনীত ব্যক্তির নাম: ________________

২। পিতা/স্বামীর নাম: ________________

৩। মাতার নাম:

৪। ঠিকানা: গ্রাম: উপজেলা:

ডাকঘর: জেলা:

৫। বয়স:

৬। পেশা:

৭। কর্মরত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা:

**(গ) প্রাণিসম্পদ উন্নয়নে দিক-নির্দেশনা/প্রকাশনা/গবেষণা/প্রাণি স্বাস্থ্যসেবা/ নারীর অবদান ইত্যাদি কাজে কর্মরত ব্যক্তি:**

১। মনোনীত ব্যক্তির নাম:

২। পিতা/স্বামীর নাম:

৩। মাতার নাম:

৪। ঠিকানা: গ্রাম: উপজেলা:

ডাকঘর: জেলা:

৫। বয়স:

৬। পেশা:

৭। কর্মরত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা:

**৩। মনোনীত প্রতিষ্ঠান/ সমবায় সমিতি/ এসোসিয়েশনের/ গণমাধ্যম/ এনজিও/ সমাজ-ভিত্তিক সংস্থার তথ্যাবলি**

ক। মনোনীত প্রতিষ্ঠান/সমবায় সমিতি/ এসোসিয়েশনের/ গণমাধ্যম/এনজিও নাম:

খ। নিবন্ধন নম্বর:

গ। নিবন্ধন প্রদানকারী কর্তৃপক্ষ:

ঘ। ঠিকানা: গ্রাম: উপজেলা:

ডাকঘর: জেলা:

ঙ। সদস্য সংখ্যা: ______________________

চ। প্রতিষ্ঠান/সমবায় সমিতি/ এসোসিয়েশনের উদ্দেশ্য: ______________________

ছ। অতীত কাজকর্মের সংক্ষিপ্ত বিবরণ: ______________________

জ। ভবিষ্যৎ কর্মসূচি: ______________________

৪। **নীতিমালায় বর্ণিত কোন ক্ষেত্রে, কোন মাস/বছরে/সময়কালে মনোনীত ব্যক্তি/ প্রতিষ্ঠান সাফল্য লাভ করেছেন তার বিবরণ**

৫। **অর্জিত সাফল্য সংক্রান্ত তথ্য ও পরিসংখ্যানগত সংক্ষিপ্ত প্রতিবেদন**

৬। **অর্জিত সাফল্য কীভাবে প্রাণিসম্পদ উন্নয়নে অবদান রাখবে**

৭। **অর্জিত সাফল্য ভবিষ্যতে কীভাবে প্রাণিসম্পদ উন্নয়নে সহায়ক হবে**

৮। **জ্ঞাতব্য বিষয়**

(ক) সম্ভব হলে প্রাণিজাত পণ্য উৎপাদন উপকরণ/ উৎপাদিত পণ্যের ছবি দেয়া যাবে।

(খ) প্রকাশিত পুস্তক/রচনার কপি দিতে হবে।

(গ) প্রযোজ্যক্ষেত্রে প্রকাশনার একটি পূর্ণ তালিকা সংযোজন করতে হবে। জার্নালে প্রকাশিত ও অন্যান্য প্রকাশনার ক্ষেত্রে বিবেচ্য বিষয়ের উপর অনধিক ১০টি গুরুত্বপূর্ণ প্রকাশনার কপি সংযোজন করতে হবে।

(ঘ) মনোনীত ব্যক্তির দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দিতে হবে।

৯। **মনোনয়ন দানকারীর/সংস্থা প্রধানের নাম**

পেশা/পদবী:

ঠিকানা:

স্বাক্ষর (সীলসহ):

১০। **উপজেলা কমিটির সভার সিদ্ধান্তের আলোকে জেলা কমিটিতে প্রেরণের পূর্বে মনোনয়ন ফর্মে উপজেলা কমিটির সভাপতি এবং সদস্য সচিবের স্বাক্ষরসহ প্রেরণ করতে হবে।**

১১। **জেলা কমিটির সভার সিদ্ধান্তের আলোকে কারিগরি কমিটি/যাচাই কমিটিতে প্রেরণের পূর্বে জেলা প্রশাসক/ সভাপতি এবং সদস্য সচিবের স্বাক্ষরসহ প্রেরণ করতে হবে।**

১২। চেয়ারম্যান, স্থানীয় সরকার পরিষদের স্বাক্ষর (৩টি পার্বত্য জেলার জন্য)/জেলা প্রশাসকের স্বাক্ষরসহ প্রেরণ করতে হবে।

**গবাদিপশু খামার/হাঁসের খামার/মুরগির খামার/প্যারেন্ট স্টক হ্যাচারি/ছাগলের খামার/ভেড়ার খামার স্থাপনে সফলতা অর্জনের বিশেষ বিবরণঃ**

**ক. গবাদিপশু খামার (দুগ্ধ খামার)**

| সন | মোট গবাদিপশুর সংখ্যা | | | গাভী/ফ্রিজিয়ান/শাহীওয়াল ক্রস/মহিষের বিবরণী | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | গাভী | বকনা | বাছুর | জাত/ব্রীড | মোট সংখ্যা | দৈনিক গড় দুধ উৎপাদন | একক সর্বোচ্চ দৈনিক দুধ উৎপাদন |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

| জমির বিবরণ | | | উন্নত ঘাস চাষে নিয়োজিত জমি | | কোন জাতের/প্রজাতির কি পরিমাণ জমি ঘাস চাষে নিয়োজিত | | |
|---|---|---|---|---|---|---|---|
| মৌজা | প্লট নং | পরিমাণ (হেক্টর) | পরিমাণ (হেক্টর) | বার্ষিক উৎপাদন (টন/কেজি) | জাত/প্রজাতি | পরিমাণ (হেক্টর) | বার্ষিক উৎপাদন (টন) |
| ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | | | | | | |

| মোট শ্রমিক সংখ্যা | খামারের বার্ষিক ব্যয় (টাকা) | খামারের বার্ষিক মোট আয় (টাকা) | খামারের বার্ষিক নীট আয় (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ |
| | | | | |

**খ. গবাদিপশু খামার (হৃষ্টপুষ্টকরণ খামার)**

| সন | মোট গবাদিপশুর সংখ্যা (গরু,মহিষ ও অন্যান্য) | | | জাতের বিবরণ | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | বলদ | ষাড় | অনুৎপাদনশীল গাভী | জাত/ব্রীড | মোট সংখ্যা | বাৎসরিক বিক্রয় সংখ্যা | টাকার পরিমান |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

| জমির বিবরণ | | | উন্নত ঘাস চাষে নিয়োজিত জমি | | কোন জাতের/প্রজাতির কি পরিমাণ জমি ঘাস চাষে নিয়োজিত | | |
|---|---|---|---|---|---|---|---|
| মৌজা | প্লট নং | পরিমাণ (হেক্টর) | পরিমাণ (হেক্টর) | বার্ষিক উৎপাদন (টন/কেজি) | জাত/প্রজাতি | পরিমাণ (হেক্টর) | বার্ষিক উৎপাদন (টন) |
| ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | | | | | | |

| মোট শ্রমিক সংখ্যা | খামারের বার্ষিক ব্যয় (টাকা) | খামারের বার্ষিক মোট আয় (টাকা) | খামারের বার্ষিক নীট আয় (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ |
| | | | | |

## গ. ছাগলের খামার

| সন | মোট ছাগলের সংখ্যা | | | | গড় একক বাচ্চা উৎপাদন | বছরে বাচ্চা উৎপাদন | জমির বিবরণ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জাত | পূর্ণবয়স্ক ছাগী | ৬ মাসের নীচের বাচ্চা | পাঁঠার সংখ্যা | | | মৌজা | প্লট নং | পরিমাণ (হেক্টর) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | | | | | |

| উন্নত ঘাস চাষে নিয়োজিত জমি | | মোট শ্রমিক সংখ্যা | খামারের বার্ষিক ব্যয় (টাকা) | খামারের বার্ষিক মোট আয় টাকা) | খামারের বার্ষিক নীট আয় (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| পরিমাণ (হেক্টর) | বার্ষিক উৎপাদন (টন) | | | | | |
| ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| | | | | | | |

## ঘ. ভেড়ার খামার

| সন | মোট ভেড়ার সংখ্যা | | | | গড় একক বাচ্চা উৎপাদন | বছরে বাচ্চা উৎপাদন | বার্ষিক লোম উৎপাদন পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|
| | জাত | পূর্ণ বয়স্ক ভেড়া | ৬ মাসের নীচে বাচ্চা | পাঁঠার সংখ্যা | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

| জমির বিবরণ | | | উন্নত ঘাস চাষে নিয়োজিত জমি | | মোট শ্রমিক সংখ্যা | খামারের বার্ষিক ব্যয় (টাকা) | খামারের বার্ষিক মোট আয় (টাকা) | খামারের বার্ষিক নীট অ্যয় (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| মৌজা | প্লট নং | পরিমাণ (হেক্টর) | জমির পরিমাণ (হেক্টর) | বার্ষিক উৎপাদন (টন/কেজি) | | | | | |
| ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| | | | | | | | | | |

## ঙ. মুরগির খামার (লেয়ার)

| সন | মোট মুরগির সংখ্যা | | | মুরগির বিবরণী | | | খামারে জমির বিবরণ | | | মুরগির খাদ্য হিসেবে সবজি চাষে নিয়োজিত জমির পমিাণ ও বার্ষিক উৎপাদন | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | লেয়ার | পুলেট | বাচ্চা | জাত | মোট সংখ্যা | দৈনিক ডিম উৎপাদন | মৌজা | পস্নট নং | পরিমাণ | জমির পরিমাণ (হেক্টর) | বার্ষিক উৎপাদন (টন) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | | | | | | | |

| মোট শ্রমিক সংখ্যা | খামারের বার্ষিক ব্যয় (টাকা) | খামারের বার্ষিক মোট আয় (টাকা) | খামারের বার্ষিক নীট আয় (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| | | | | |

## চ. হাঁসের খামার

| সন | মোট হাঁসের সংখ্যা | | | হাঁসের বিবরণী | | | দৈনিক খাদ্য প্রদান | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | লেয়ার | বাড়ন্ত হাঁস | বাচ্চা | জাত | মোট সংখ্যা | দৈনিক ডিম উৎপাদন | স্বাভাবিকভাবে প্রাপ্ত | তৈরি খাদ্য প্রদান |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

| জমির বিবরণ | | | মোট শ্রমিক সংখ্যা | খামারের বার্ষিক ব্যয় (টাকা) | খামারের বার্ষিক মোট আয় (টাকা) | খামারের বার্ষিক নীট আয় (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| মৌজা | প্লট নং | পরিমাণ (হেক্টর) | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

**ছ. মুরগির (ব্রয়লার) খামার**

| সন | জাত | মোট সংখ্যা | | | | খাদ্য গ্রহণ ও মাংস উৎপাদন হার | মোট মাংস উৎপাদন (কেজি/টন) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ দিনের বাচ্চা | ২ সপ্তাহের বাচ্চা | ৪ সপ্তাহের বাচচা | ৮ সপ্তাহের বাচ্চা | | ৪ সপ্তাহ | ৬ সপ্তাহ | ৮ সপ্তাহ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | | | | | |

| জমির পরিমাণ | | | মুরগি খাদ্য হিসেবে সবজি চাষে নিয়োজিত মোট জমির পরিমাণ (হেক্টর) | মোট শ্রমিক সংখ্যা | খামারের বার্ষিক ব্যয় (টাকা) | খামারের বার্ষিক মোট আয় (টাকা) | খামারের বার্ষিক নীট আয় (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| মৌজা | প্লট নং | পরিমাণ | | | | | | |
| ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |
| | | | | | | | | |

## জ. অন্যান্য পোল্ট্রি খামার

| সন | মোট পোল্ট্রির সংখ্যা | | | পোল্ট্রির বিবরণী | | | খামারে জমির বিবরণ | | | পোল্ট্রির খাদ্য হিসেবে সবজি চাষে নিয়োজিত জমির পমিাণ ও বার্ষিক উৎপাদন | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | লেয়ার | পুলেট | বাচ্চা | জাত | মোট সংখ্যা | দৈনিক ডিম উৎপাদন | মৌজা | প্লট নং | পরিমাণ | জমির পরিমাণ (হেক্টর) | বার্ষিক উৎপাদন (টন) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | | | | | | | |

| মোট শ্রমিক সংখ্যা | খামারের বার্ষিক ব্যয় (টাকা) | খামারের বার্ষিক মোট আয় (টাকা) | খামারের বার্ষিক নীট আয় (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| | | | | |

## ঝ. প্যারেন্ট স্টক হ্যাচারি

| সন | মোট মুরগি/হাঁসের সংখ্যা (লেয়ার টাইপ) | | | মোট মুরগি/ হাঁসের সংখ্যা (ব্রয়লার টাইপ) | | | হ্যাচারির ডিম বসানোর ক্ষমতা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | বাচ্চা | পুলেট/ গ্রোয়ার | লেয়ার | বাচ্চা | গ্রোয়ার | লেয়ার | লেয়ার | ব্রয়লার | হাঁস |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | | | | | |

| জমির পরিমাণ | | | মুরগি খাদ্য হিসেবে সবজি চাষে নিয়োজিত মোট জমির পরিমাণ | মোট শ্রমিক সংখ্যা | হ্যাচারির বার্ষিক ব্যয় (টাকা) | হ্যাচারির বার্ষিক মোট আয় (টাকা) | হ্যাচারির বার্ষিক নীট আয় (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| মৌজা | প্লট নং | পরিমাণ | | | | | | |
| ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |
| | | | | | | | | |

## প্রাণিসম্পদ গবেষণায় সফলতা অর্জনের বিশেষ বিবরণ:

(ক) গবেষণার ক্ষেত্র ...............................................................................................

(খ) গবেষণার বিবরণ ...............................................................................................

(গ) গবেষণার ফলাফল ...............................................................................................

(ঘ) গবেষণালব্ধ ফলাফলের প্রায়োগিক দিক ..............................................................

(ঙ) সংশ্লিষ্ট সেক্টরে অবদানের বিবরণ ....................................................................

(চ) মন্তব্য ...............................................................................................

## প্রাণিস্বাস্থ্যসেবা/ সম্প্রসারণে সফলতা অর্জনের বিশেষ বিবরণ:

(ক) সম্প্রসারণের ক্ষেত্র ...............................................................................

(খ) সম্প্রসারণ কাজের বিবরণ ...............................................................

(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অবদানের বিবরণ ...................................................

(ঘ) মন্তব্য ...............................................................................................

## প্রাণিসম্পদ সংশ্লিষ্ট প্রকাশনা, রেডিও-টিভিতে প্রচারিত প্রতিবেদনের বিশেষ বিবরণ:

(ক) প্রকাশনা/প্রচারের ক্ষেত্র ...............................................................................

(খ) প্রকাশনা/প্রচারের বিবরণ ...............................................................................

(গ) প্রকাশনা/প্রচারের ফলে প্রাণিসম্পদের সংশ্লিষ্ট ক্ষেত্রে অবদানের বিবরণ .....................

(ঘ) মন্তব্য ...............................................................................................

## প্রাণিজাত পণ্য উৎপাদন উপকরণ/প্রাণিজাত পণ্য/প্রাণিজাত শিল্প পণ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ এবং বাজারজাতকরণের ক্ষেত্রে সফলতা অর্জনের বিশেষ বিবরণ:

ক. প্রাণিজাত পণ্য উৎপাদন উপকরণ/প্রাণিজাত পণ্য/প্রাণিজাত শিল্প পণ্য উৎপাদন:

| উৎপাদিত পণ্যের নাম | বার্ষিক উৎপাদন পণ্যের পরিমাণ (কেজি/টন) | পণ্য উৎপাদনে মোট বিনিয়োগের পরিমান | বার্ষিক নীট আয় (টাকা) | বার্ষিক নীট লাভ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

খ. প্রাণিজাত পণ্য উৎপাদন উপকরণ/প্রাণিজাত পণ্য/প্রাণিজাত শিল্প পণ্য প্রক্রিয়াজাত-করণ ও সংরক্ষণ:

| পণ্যের নাম | পরিমাণ (বার্ষিক) | প্রক্রিয়াজাত পণ্যের মূল্য (টাকা) | পণ্য প্রক্রিয়াজাতকরণের বার্ষিক ব্যয় (টাকা) | বার্ষিক নীট আয় টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

গ. প্রাণিজাত পণ্য উৎপাদন উপকরণ/প্রাণিজাত পণ্য/প্রাণিজাত শিল্প পণ্য বাজারজাত-করণ:

| পণ্যের নাম | বার্ষিক রপ্তানির পরিমাণ (কেজি/টন) | বার্ষিক রপ্তানিকৃত পণ্যের মূল্য (টাকা) | বার্ষিক পণ্য রপ্তানির ব্যয় (টাকা) | বার্ষিক নীট আয় (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |



বা:স:মু:-৫৬৬৯ কম (বি-১২)/২০২১-২২—৩,০০০ বই, ২০২২।

**একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-২ শাখা
www.mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.০০০.১১৮.২৩.০০৩৬.২৫.৫২৪

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩২ / ০৯ অক্টোবর ২০২৫

**বিষয়: 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫' উপলক্ষে প্রাণিসম্পদ পদক প্রদানের নিমিত্তে প্রস্তাব অনুমোদন।**

সূত্র: প্রাণিসম্পদ অধিদপ্তরের স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১১০.২৫.০০৫.১৯-১৬৯৭, তারিখ: ০৬/১০/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫' উপলক্ষে প্রাণিসম্পদ পদক প্রদানের নিমিত্তে জাতীয় প্রাণিসম্পদ পদক নীতিমালার নিম্নবর্ণিত অনুচ্ছেদসমূহ শুধুমাত্র ২০২৫ সালের জন্য কারিগরি কমিটির সুপারিশের প্রেক্ষিতে সংশোধন, সংযোজন ও পরিমার্জনে নির্দেশক্রমে অনুমোদন প্রদান করা হলো:

**অনুচ্ছেদ:-৩) পদক প্রদানের ক্ষেত্রসমূহ:**

ক) গবাদি পশুর খামার (গরু, মহিষ, ছাগল, ভেড়া ও অন্যান্য)।

খ) পোল্ট্রি খামার (হাঁস, মুরগি, কবুতর, টার্কি, কোয়েল ও অন্যান্য)।

গ) প্রাণী ও প্রাণিজাত পণ্য উৎপাদন (মাংস, দুধ ও ডিম) প্রক্রিয়াজাতকরণ, বাজারজাতকরণ ও রপ্তানি।

চ) প্রাণিসম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনায় ব্যক্তি/প্রতিষ্ঠান/এসোসিয়েশন/সমবায় সমিতি/গণমাধ্যম/এনজিও/ প্রাণিসম্পদ সংক্রান্ত সমাজভিত্তিক সংগঠনের অবদান/সমগ্র কর্মজীবনের অবদান।

ঝ) প্রান্তিক চাষী/নারী ও অনগ্রসর খামারিদের প্রাণিসম্পদ উন্নয়নে অবদান।

**অনুচ্ছেদ:- ৪) পদকের ধরণ ও সংখ্যা:**

প্রাণিসম্পদ উন্নয়নে অবদানের জন্য জাতীয় পর্যায়ে মোট ৫টি ক্ষেত্রে ৫টি স্বর্ণ পদক, ৫টি রৌপ্য ও ৫টি ব্রোঞ্জ পদক প্রদান করা হবে।

(১) পদকের শ্রেণি বিন্যাস ও আঙ্গিক পরিকল্পনা

ক) ১৮ ক্যারেট মানের ১৫ গ্রাম ওজনের স্বর্ণপদক (সামঞ্জস্যপূর্ণ ফোল্ডিং বক্সে), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব ও প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালকের যৌথ স্বাক্ষরে একটি সম্মাননা সনদ এবং নগদ ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা।

খ) ৫০ গ্রাম ওজনের রৌপ্যপদক (সামঞ্জস্যপূর্ণ ফোল্ডিং বক্সে), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালকের যৌথ স্বাক্ষরে একটি সম্মাননা সনদ এবং নগদ ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা।

গ) ৫০ গ্রাম ওজনের ব্রোঞ্জ পদক (সামঞ্জস্যপূর্ণ ফোল্ডিং বক্সে), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালকের যৌথ স্বাক্ষরে একটি সম্মাননা সনদ এবং নগদ ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) টাকা।

অ: পৃ: দ্র:

**অনুচ্ছেদ:- ৮) পদকের জন্য মনোনয়ন প্রস্তাব দাখিলের সময় সীমা:**

| | | |
|---|---|---|
| ১. | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়/প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক দৈনিক জাতীয় পত্রিকা ও ওয়েব সাইট-এ বিজ্ঞাপ্তি প্রচার | ৭ দিনের মধ্যে |
| ২. | জেলা কমিটির নিকট দরখাস্ত জমা | ৭ দিনের মধ্যে |
| ৩. | জেলা কমিটি কর্তৃক যাচাই বাছাই করে কারিগরি কমিটির নিকট প্রস্তাব প্রেরণ | ৫ দিনের মধ্যে |
| ৪. | কারিগরি কমিটি যাচাই বাছাই করে জাতীয় কমিটির নিকট প্রস্তাব প্রেরণ | ৭ দিনের মধ্যে |
| ৫. | জাতীয় কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ | ৭ দিনের মধ্যে |

০৯/১০/২০২৫

(মোহাম্মদ কামাল হোসেন)
উপসচিব
টেলিফোন: ২২২৩৩৫৬৬৯৮
ইমেইল: livestock-2@mofl.gov.bd

মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
প্রাণিসম্পদ অধিদপ্তর
ফার্মগেট, ঢাকা।

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.০০০.১১৮.২৩.০০৩৬.২৫.৫২৪

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩২ / ০৯ অক্টোবর ২০২৫

**অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। উপদেষ্টার একান্ত সচিব (যুগ্মসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
২। পরিচালক (প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা (সংশ্লিষ্টদের নিকট পত্রের কপি প্রেরণের অনুরোধসহ)
৩। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১ অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। অফিস কপি/মাস্টার কপি।

(মোহাম্মদ কামাল হোসেন)
উপসচিব